



মোসাদ সংশ্লিষ্টতার অভিযোগে ইরানে ২৪০ জন গ্রেপ্তার



সংগৃহীত ছবি

ইরানে সাম্প্রতিক নিরাপত্তা অভিযানে কুর্দিস্তান ও কেরমানশাহ প্রদেশ থেকে মোসাদের সঙ্গে সংশ্লিষ্টতার অভিযোগে মোট ২৪০ জনকে গ্রেপ্তার করেছে ইসলামি বিপ্লবী গার্ড কর্পস (আইআরজিসি)। এ তথ্য জানিয়েছে আধা-সরকারি বার্তা সংস্থা মেহের নিউজ। প্রতিবেদন অনুযায়ী, কুর্দিস্তান প্রদেশে পরিচালিত অভিযানে ১১ জনকে আটক করা হয় এবং কুর্দি এক সশস্ত্র গোষ্ঠীর সদস্য নিহত হয়েছে বলে দাবি করা হয়েছে। এ সময় বিপুল পরিমাণ অস্ত্র ও গোলাবারুদও উদ্ধার করা হয়। একই এলাকায় পৃথক আরেকটি অভিযানে আরও প্রায় ৭০ জনকে গ্রেপ্তার করা হয়েছে। অন্যদিকে কেরমানশাহ প্রদেশে অভিযানে ১৫৫ জনকে আটক করেছে আইআরজিসি। তাদের দাবি, গ্রেপ্তারকৃতরা সরকারবিরোধী নেটওয়ার্কের সঙ্গে জড়িত এবং তাদের মধ্যে অন্তত চারজন ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদের হয়ে কাজ করছিল। এ ছাড়া রাজধানী তেহরানেও একটি পৃথক ঘটনায় এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ। তার বিরুদ্ধে শত্রুপক্ষের কাছে ক্ষেপণাস্ত্র হামলার লক্ষ্যবস্তুর তথ্য সংগ্রহ ও সরবরাহের অভিযোগ আনা হয়েছে।